গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরনের দ্বিতীয় সভার কার্যবিবরনী।

| | |
|---|---|
| সভাপতি | এ এস এম মঞ্জুরুল কাদের<br>মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ |
| সভার তারিখ | ২৭/১২/২০২০ |
| সভার সময় | ৩.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন,জুম মিটিং |
| উপস্থিতি | পরিশিষ্ঠ-ক |

**২.০। আলোচনাঃ**

২.১। ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভায় সভাপতি সংযুক্ত সকলকে স্বাগত জানান।

সভাপতির অনুমতিক্রমে হাইড্রোকার্বন ইউনিটের পরিচালক (উপ সচিব) জনাব মোঃ জাকির হোসেন সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভায় যুক্ত হওয়ার জন্য সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

২.২। সভাপতি বলেন পরস্পরের মধ্যে সৌহার্দ্যপূর্ণ সম্পর্ক গড়ার প্ল্যাটফরম তৈরি করে স্টেকহোল্ডার মিটিং। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন প্রতিষ্ঠানগুলো আমাদের স্টেকহোল্ডার। আমরা তাদের তথ্য ও উপাত্ত ব্যবহার করে থাকি। SDG Goal 16 এর লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থা অবতারনা করা হয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের (বিপিসির) ব্যবস্থাপক জনাব এস এম জুবায়ের হাসান জানান যে সবসময়ই হাইড্রোকার্বন ইউনিট থেকে তারা সহযোগিতা পেয়েছেন মর্মে অবগত করেন এবং তিনি অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) এর উপর প্রশিক্ষণ করানো যাবে কি না এই সম্পর্কে জানতে চান।

বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশনের (পেট্রোবাংলা) উপ-মহাব্যবস্থাপক (সিএমএ), মোঃ জাভেদ ইবনে শাহেদ জানান তারা সরাসরি কোন অভিযোগ গ্রহণ করেন না তবে গ্যাস কানেকশন সংক্রান্ত যে সব অভিযোগগুলো আসে, সেই সব অভিযোগগুলো যে প্রতিষ্ঠানের সাথে সম্পৃক্ত সে সব প্রতিষ্ঠান বরাবর অভিযোগগুলো পাঠাতে বলা হয়। তিনি আরও জানান যে, প্রতিষ্ঠানগুলো যথাসময়ে অভিযোগ নিষ্পতি করে পেট্রোবাংলারকে রিপোর্ট প্রদান করে ।

বাংলাদেশ খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর সহকারী পরিচালক (ভূতত্ত্ব) মোসাঃ মাহবুবা খাতুন অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ( অনিক) এবং আপিল কর্মকর্তা কারা হবেন সে বিষয় সম্পর্কে জানতে চান।

বিস্ফোরক পরিদপ্তরের বিস্ফোরক পরিদর্শক, মনিরা ইয়াসমিন জানান যে তারা হাইড্রোকার্বন ইউনিট থেকে সব সময় সহযোগিতা পেয়ে থাকেন মর্মে সন্তোষ প্রকাশ করেন এবং তিনি বলেন যে তার প্রতিষ্ঠানে অনলাইনে অভিযোগ কম আসে এবং হার্ড কপিতে অভিযোগ আসলে অভিযোগ প্রতিকারের নির্দেশিকা মোতাবেক নিষ্পতি করা হয়। এখনোও আপিলের মত পরিস্থিতি সৃষ্টি হয়নি বিস্ফোরক পরিদপ্তরে এবং যথাযথ নির্দেশিকা অনুসরণ করে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ( অনিক) এবং আপিল কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইনস্টিউট (বিপিআই) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা জনাব মোঃ সামসুল আলম জানান তারা মূলত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/ সংস্থ/ কোম্পানি কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজন করে থাকে। এখন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের দপ্তর/ সংস্থ/ কোম্পানি ছাড়াও বাইরের প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছেন। বিশেষ করে এলপিজি কোম্পানির মার্কেটিং ডিপার্টমেন্ট এর জনবলকে প্রশিক্ষণ প্রদানের ব্যাপারে তাদের আগ্রহের কথা বলেন। অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রসঙ্গে বলেন প্রশিক্ষণ শেষে কোর্স মূল্যায়ণ নামক ফরমে প্রশিক্ষণার্থীরা তাদের মতামত ও অভিযোগ প্রদান করে থাকেন। মতামতের উপর ভিত্তি করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।

২.৩। সমাপনী বক্তব্যে সভাপতি বলেন ভবিষ্যতের পরিকল্পনা বাস্তবায়নে অংশীজনদের অংশগ্রহন এবং একে অপরের সাথে মত বিনিময় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

৩.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষনা করেন।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০১.১৭.৩৩৫

তারিখ: ১৩ পৌষ ১৪২৭
২৮ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩) উপ-মহাব্যবস্থাপক (কোম্পানি ম্যানেজিং), কোম্পানি ম্যানেজিং এজেন্সিজ, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৪) ম্যানেজার, এমআইএস, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
৫) উপ-পরিচালক (ভূতত্ত্ব), পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৬) বিস্ফোরক পরিদর্শক, ঢাকা ২, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৭) সহকারী পরিচালক (ভূতত্ত্ব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৮) অফিস কপি ।

এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
হাইড্রোকার্বন ইউনিট
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ ।

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.৭৩

তারিখ: ৫ পৌষ ১৪২৭
২০ ডিসেম্বর ২০২০

**অনলাইন সভার নোটিশ**

২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের অংশ হিসেবে অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবা গ্রহীতা/ অংশীজনদের অবহিতকরন সভা হাইড্রোকার্বন ইউনিটের মহাপরিচালক (যুগ্মসচিব) জনাব এ এস এম মঞ্জুরুল কাদের এর সভাপতিত্বে ২৭ ডিসেম্বর ২০২০ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নবর্নিত লিঙ্কে অনুষ্ঠিত হবে।

Time: Dec 27, 2020 3:00 PM Astana, Dhaka
https://uni-sydney.zoom.us/j/4037050814?pwd=UVlobW94TnhHWEU1ZGo1bWNGa2Rodz09
ID: 4037050814
Password: 838884

উক্ত সভায় অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ভার্চুয়ালি যুক্ত থাকার জন্য অনুরোধ করা হল।

২০-১২-২০২০
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক
ফোন: ৮৩৯১০৭৫
ইমেইল: hcu@hcu.org.bd

নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩২.০০২.১৯.৭৩/১(৬)

তারিখ: ৫ পৌষ ১৪২৭
২০ ডিসেম্বর ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
২) চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৩) মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৪) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি) [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৫) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ (অতিরিক্ত দায়িত্ব), প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর [ অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভায় ভার্চুয়ালি যুক্ত করার জন্য অনুরোধ করা হল]

২০-১২-২০২০
এ এস এম মঞ্জুরুল কাদের
মহাপরিচালক